গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. দীপু মনি, এম.পি.
মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ১০ জুলাই, ২০২৩ খ্রি.
সময় : বেলা ০২.৩০ ঘটিকা
সভার স্থান : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর সম্মেলন কক্ষ

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। একই সাথে তিনি ১৫ আগস্ট নিহত সকল শহীদের রুহের মাগফেরাত কামনা করেন। অত:পর সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগের ০৭ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহিত কর্মসূচির সাথে সংগতি রেখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করার উপর আলোকপাত করেন। সচিব মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর আলোকে প্রণীত কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | শিক্ষা মন্ত্রণালয়ের উভয় বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ১৫ আগস্ট, ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। দপ্তর/সংস্থার প্রধানগণ (সকল) |
| ০২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিত্বে পুষ্পস্তবক অপর্ণ। | শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে ১৫ আগষ্ট, ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ৮:০০ ঘটিকায় ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পুষ্পস্তবক অর্পণকালে উভয় বিভাগের অতিরিক্ত সচিবগণ ও তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তা এবং আওতাধীন দপ্তর সংস্থার প্রধানগণ উপস্থিত থাকবেন।<br>পরবর্তীতে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে সকাল ৯:০০ ঘটিকায় শিক্ষা মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের পক্ষ থেকে পৃথকভাবে পুষ্পস্তবক অর্পণ করা হবে। মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণকালে উভয় বিভাগের উপসচিব ও তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তা এবং দপ্তর/সংস্থার পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণকালে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। দপ্তর/সংস্থার প্রধানগণ (সকল) |

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩ | শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চলচ্চিত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | ক) জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জেলা তথ্য অফিসারের সাথে যোগাযোগ করে পোস্টার সংগ্রহপূর্বক শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহে প্রচারের ব্যবস্থা করবে। যাদের এলইডি বোর্ড রয়েছে তারা এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে।<br>খ) সকল দপ্তর/সংস্থার কার্যালয়ের এবং শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহের দৃশ্যমান স্থানে জাতীয় শোক দিবসের ভাবগাম্ভীর্য অক্ষুন্ন রেখে ব্যানার স্থাপন করতে হবে। ব্যানারসমূহ পুরো আগষ্ট মাস প্রদর্শন করা যেতে পারে। বিবর্ণ, ছেড়া ব্যানার ব্যবহার করা যাবে না। ব্যানার বিবর্ণ হলে প্রয়োজনে পুনঃস্থাপন করতে হবে।<br>গ) পোস্টার এবং ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ব্যতিত অন্য ছবি ব্যবহার করা যাবে না।<br>ঘ) মন্ত্রণালয় থেকে ড্রপ-ডাউন ব্যানারের নমুনা তৈরি করে সকল দপ্তর, সংস্থায় প্রেরণ করা হবে। দপ্তর/সংস্থা তা অনুসরণ করবে। | ১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>৫। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ০৪ | শিক্ষা প্রতিষ্ঠান ও শিশু একাডেমি বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুরোধের পরিপ্রেক্ষিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর উক্ত অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে পারে। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে হবে। এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন / মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর / কারিগরি শিক্ষা অধিদপ্তর / মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়ের দায়িত্ব পালন করবে। | ১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন<br>২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ০৫ | শিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর/সংস্থাসমূহ জাতীয় শোক দিবসের কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন। | ক) জাতীয় কর্মসূচির আলোকে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর, সংস্থা, দপ্তরসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করবে।<br>খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী ও দোয়া মাহফিলের আয়োজন করবে। আলোচনায় আমন্ত্রিত অতিথিবৃন্দকে প্রস্তুতি নেয়ার সুবিধার্তে নির্ধারিত দিন-তারিখের পূর্বেই অবগত করতে হবে।<br>গ) মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে হামদ-নাত প্রতিযোগিতা আয়োজন করবে।<br>ঘ) শিক্ষার্থীদের বয়সভিত্তিক গ্রুপে বিভক্ত করে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে এবং পরবর্তীতে পুরস্কার বিতরণের আয়োজন করতে হবে। | ১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৪। দপ্তর/সংস্থার প্রধানগণ (সকল) |

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | ঙ) সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্ব স্ব ব্যবস্থাপনায় জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিষয়টি তত্ত্বাবধান করবে।<br>চ) সকল সংস্থা/দপ্তর তাদের সুবিধাজনক সময়ে আলোচনা সভার আয়োজন করবে।<br>ছ) মন্ত্রণালয় এর উদ্দ্যোগে 'বঙ্গবন্ধু ও বাঙ্গালির আত্নপরিচয়' শীর্ষক আলোচনা (সরাসরি ও ভার্চুয়াল) সভার আয়োজন করতে হবে। | |
| ০৬ | শিক্ষার্থীদের অংশগ্রহণ ও পরিচালনায় জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজন। | ক) জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে বঙ্গবন্ধুর উপর আয়োজিত কুইজ প্রতিযোগীতায় কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব করার সুযোগ করে দিতে হবে।<br>খ) বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক একটি অনুষ্ঠান শিক্ষার্থীদের অংশগ্রহণ ও পরিচালনায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তাদের স্টুডিওর মাধ্যমে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় তাদের নিজস্ব ব্যবস্থাপনায় রেকর্ডকরে সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | ১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,<br>২. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়।<br>৩.উপাচার্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।<br>৪. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,<br>৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,<br>৬. মহাপরিচালক, কারিগরি/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। |
| ০৭ | শিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/<br>অধিদপ্তর/সংস্থা সমূহের কর্মকর্তাগণকে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিতব্য কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান। | জাতীয় কর্মসূচির আলোকে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন আয়োজিত সকল কর্মসূচিতে জেলা ও উপজেলায় কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা/দপ্তরসমূহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। দপ্তর/সংস্থার প্রধানগণ (সকল) |
| ০৮ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, আমার পিতা শেখ মুজিব ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং সরকারি অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান। | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। দপ্তর/সংস্থার প্রধানগণ (সকল) |
| ০৯ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে সংরক্ষণ। | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। | ১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন<br>২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |

| ক্র.নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | | ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ১০ | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সকল কর্মকর্তা- কর্মচারী ০১ আগস্ট ২০২৩ থেকে কালো ব্যাচ ধারণ। | শিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের সকল কর্মকর্তা-কর্মচারী ০১ আগস্ট ২০২৩ থেকে কালো ব্যাচ ধারণ করবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। দপ্তর/সংস্থার প্রধানগণ (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত ১৩/০৭/২০২৩)
(ডা. দীপু মনি এম.পি.)
মাননীয় মন্ত্রী

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৯১.০০১.১৮.১২৭

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৬) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৭) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৮) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১২) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
১৩) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
১৪) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১৫) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
১৬) যুগ্মসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
১৮) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
১৯) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
২০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২১) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, পলাশী, ঢাকা।
২২) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাষ্ট, ব্যানবেইস, পলাশী, ঢাকা।
২৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২৪) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২৬) অফিস কপি।

১৬/০৭/২৩

সাইফুর রহমান খান
(উপসচিব)